

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫১৯
খোয়াই, ৩ নভেম্বর, ২০২৩

২৩ নভেম্বর খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব

আগামী ২৩ নভেম্বর খোয়াই জেলাভিত্তিক যুব উৎসব তেলিয়ামুড়া মহকুমার চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এই উৎসবকে যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে গতকাল খোয়াই জেলা প্রশাসনের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথ শর্মা, খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন, খোয়াই মহকুমার মহকুমা শাসক বিজয় সিনহা প্রমুখ। সভায় বক্তব্য রাখতে গিয়ে জিলা সভাপতি জয়দেব দেববর্মা আসন্ন যুব উৎসবকে সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বক্তব্য রাখেন খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন।

জেলাভিত্তিক যুব উৎসবে ১৮ থেকে ৩৫ বছর বয়সের যুবক যুবতীরা অংশ নেবে। যুব উৎসবে লোক সংগীত, লোক নৃত্য, স্টেচারী রাইটিং, পোষ্টার মেকিং, আবৃত্তি, বক্তৃতা ও থাঙটা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। জেলাভিত্তিক যুব উৎসবকে সফল করে তোলার জন্য খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা কে চেয়ারম্যান ও অতিরিক্ত জেলাশাসক কেশব করকে সদস্য সচিব করে একটি কার্যকরী কমিটি গঠন করা হয়েছে।
